

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫০/২ (৫১৭)

তারিখ: ১১.০৩.২০২১ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি এবং অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তকরণ কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের পরিচালক মহোদয়ের টেলিফোনিক নির্দেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সাধারণ) এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সমগ্র এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি এবং অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে দেশের সমগ্র এলাকার (মেট্রোপলিটন শহর ও জেলা সদরের পৌর এলাকাসহ) নতুন শিক্ষা প্রতিষ্ঠান সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত করার জন্য গত ০৭.০৩.২০২১ তারিখ স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫০(৫১৭) মোতাবেক পত্র প্রেরণ করা হয়েছিল।

অদ্য ১১.০৩.২০২১ তারিখ কিছু দৈনিক পত্রিকায় উক্ত সংবাদটি ভুলভাবে উপস্থাপন করায় মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে এবং ভুল বুঝাবুঝির সুযোগ করে দিয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত স্মারকে জারিকৃত পত্রের কার্যক্রম নির্দেশ ক্রমে স্থগিত করা হলো। এই বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে।

(শ.ম. সাইফুল আলম)

উপপরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

অনুলিপি: সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। সংরক্ষণ নথি।